# সেন্টজুডস ক্যান্সারের সাথে লড়াই রত শিশুদের মানসম্পন্ন যত্ন প্রদান করে

By **Business Correspondent** - November 23, 2022



ক্যান্সারের চিকিৎসা চলছে এমন শিশুদের বিনামূল্যে 'হোম অ্যাওয়ে ফ্রম হোম' পরিষেবা প্রদান করে সেন্ট জুড ইন্ডিয়া চাইল্ড কেয়ার সেন্টার (সেন্ট জুডস)। ২০০৬ সালে এর প্রতিষ্ঠা করেছিলেন মিসেস শ্যামা ও মি. নিখিল কবিরত্নে সিবিই। ছোটো ছোট গ্রাম ও দূরের শহর থেকে পিতামাতা-সহ এইসব শিশুরা মেট্রো শহরে আসে ক্যান্সারের চিকিৎসার জন্য।

দেশের নয়টি শহরে সেন্ট জুডস একযোগে কাজ করে টাটা মেমোরিয়াল হসপিটাল, এআইআইএমস নিউ দিল্লি, টাটা মেডিক্যাল সেন্টার কলকাতা ও অন্যান্য ক্যান্সার হাসপাতালের সঙ্গে। সেন্ট জুডস এইসব শিশুদের বিনামূল্যে থাকার ব্যবস্থা-সহ অন্যান্য সহায়তা প্রদান করে, যাতে তারা ক্যান্সারমুক্ত হতে পারে।

বর্তমানে প্রতিদিন ৯টি শহরের ৪০টি সেন্টারে ৫০০ জন শিশু ও তাদের পরিবার-পরিজনের জন্য সহায়তা প্রদান করে সেন্ট জুডস। শহরগুলি হল – মুম্বই, কলকাতা, হায়দ্রাবাদ, জয়পুর, চেন্নাই, ভেলোর, গুয়াহাটি, দিল্লি ও বারাণসী।